যুগান্তর

তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

### এসএসসির উত্তরপত্র লিখে দেয়ার অভিযোগ

# রাজশাহীতে ১২ শিক্ষকের কারাদণ্ড

**রাজশাহী ব্যুরো**

রাজশাহীর বাঘায় এসএসসি গণিত পরীক্ষায় বাঘা উচ্চবিদ্যালয় কেন্দ্রে বাইরে থেকে উত্তরপত্র লিখে পরীক্ষার্থীদের সরবরাহের সময় বিভিন্ন স্কুলের ১২ শিক্ষককে দুই বছর করে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় বাঘা উচ্চবিদ্যালয় সংলগ্ন প্রচেষ্টা নামের একটি কোচিং সেন্টারে প্রশ্নপত্র দেখে উত্তর লেখার সময় তাদের আটক করা হয়। আটক ১২ শিক্ষককে বাঘা থানায় হস্তান্তর করা হয়েছে। সেখানেই ভ্রাম্যমাণ আদালত বসানো হয়। আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট শিমুল আহম্মেদ ১২ শিক্ষককে দুই বছর করে কারাদণ্ড দেন।
দণ্ডপ্রাপ্ত শিক্ষকরা হলেন, শাপলা খাতুন, সাকিব আলী মোল্লা, আকরাম হোসেন, জিন্নাত আলী, আখতারুজ্জামান, জিল্লুর রহমান রফিকুল, জিল্লুর রহমান (২), সাইদুল ইসলাম, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর **কারাদণ্ড : পৃষ্ঠা ৭ : কলাম ১**

## কারাদণ্ড : শিক্ষকের

**(৩য় পৃষ্ঠার পর)**

আলম, জিল্লুর রহমান (৩) ও সাখাওয়াত হোসেন। তারা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এবং প্রচেষ্টা কোচিং সেন্টারের সঙ্গে সংশ্লিষ্ট। নির্বাহী ম্যাজিস্ট্রেট শিমুল আহম্মেদ জানান, কেন্দ্র সংলগ্ন প্রচেষ্টা নামের একটি কোচিং সেন্টারে এসএসসির পরীক্ষা শুরু হওয়ার পরে এই ১২ শিক্ষক মিলে প্রশ্নপত্র হলের বাইরে নিয়ে উত্তরপত্র তৈরি করতে থাকেন। সেখান থেকে উত্তরপত্রগুলো কেন্দ্রের ভেতরে পরীক্ষার্থীদের কাছে সরবরাহ করা হচ্ছিল। খবর পেয়ে অভিযান চালিয়ে ১২ শিক্ষককে আটক করা হয়। আটককৃত শিক্ষকরা অপরাধ স্বীকার করায় প্রত্যেককে দুই বছর করে কারাদণ্ড দেয়া হয়েছে। পরে তাদের জেলহাজতে প্রেরণ করা হয়।